দৈনিক
ইনকিলাব

তারিখ 2 JUL 2013
পৃষ্ঠা ৬ কলাম ২

# ঢাকা বিভাগের ৪ হাজার ৮২৫টি এমপিওভুক্ত বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে

স্টাফ রিপোর্টার : ঢাকা বিভাগের চার হাজার ৮২৫টি এমপিওভুক্ত নিবন্ধিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর জাতীয়করণের ঘোষণা অনুযায়ী চার বিভাগের পর এবার ঢাকা বিভাগের গুলো জাতীয়করণ করা হলো। গতকাল (সোমবার) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ঢাকা বিভাগের বিদ্যালয়গুলো জাতীয়করণের আদেশ জারি করে। এর আগে সিলেট বিভাগের এক হাজার ৩৬৩টি, খুলনা বিভাগের তিন হাজার ৪৪৯টি, বরিশাল বিভাগের দুই হাজার ৪২১টি এবং চট্টগ্রাম বিভাগের তিন হাজার ১৮৯টি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করে পৃথক প্রজ্ঞাপন জারি করে মন্ত্রণালয়। এ নিয়ে মোট ১৫ হাজার ২৪৭টি এমপিওভুক্ত নিবন্ধিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হলো। পর্যায়ক্রমে অন্য বিভাগের বিদ্যালয়গুলোকে জাতীয়করণ করা হবে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব মোহাম্মদ আবুল কালাম বলেন, প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী পর্যায়ক্রমে অন্য বিভাগের বিদ্যালয়গুলোকে জাতীয়করণ করা হবে। প্রাথমিক শিক্ষকদের দীর্ঘ আন্দোলনের পর গত ৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের ঘোষণা দেন। এসব বিদ্যালয়ে ১ লাখ ৩ হাজার ১৯২ জন শিক্ষক কর্মরত রয়েছেন। প্রথম ধাপে ২২ হাজার ৯৮১টি এমপিওভুক্ত নিবন্ধিত প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ হচ্ছে। এসব বিদ্যালয়ের শিক্ষকরা চলতি বছরের ১ জানুয়ারি সরকারি সব সুযোগ-সুবিধা পাবেন। দ্বিতীয় ধাপে স্থায়ী/অস্থায়ী নিবন্ধনপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত, কমিউনিটি এবং সরকারি অর্থায়নে এনজিও কর্তৃক নির্মিত/পরিচালিত ২ হাজার ২৫২টি বিদ্যালয় জাতীয়করণ হবে। তৃতীয় ধাপে পাঠদানের অনুমতির সুপারিশপ্রাপ্ত ও পাঠদানের অনুমতির অপেক্ষাধীন ৯৬০টি বিদ্যালয় জাতীয়করণ হবে।